রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ১০, ২০১৫**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ কার্তিক, ১৪২২ মোতাবেক ১০ নভেম্বর, ২০১৫

নিম্নলিখিত বিলটি ২৬ কার্তিক, ১৪২২ মোতাবেক ১০ নভেম্বর, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:—

## বা. জা. স. বিল নং ২৫/২০১৫

## Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অতঃপর "পঞ্চদশ সংশোধনী" বলিয়া উল্লিখিত, দ্বারা সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বিলুপ্তির ফলশ্রুতিতে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর "উক্ত অধ্যাদেশসমূহ" বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারি সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলশ্রুতিতেও উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং



মূল্য ঃ টাকা ১৬.০০

যেহেতু প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত অধ্যাদেশসমূহ এবং উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন, ইত্যাদির কার্যকরতা প্রদান করা আবশ্যক; এবং

যেহেতু দীর্ঘসময় পূর্বে জারীকৃত উক্ত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথানিয়মে নূতনভাবে আইন প্রণয়ন করা সময় সাপেক্ষে; এবং

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশনে না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে ২০১৩ সনের ১ নং অধ্যাদেশ প্রণয়ন ও জারী করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬ নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 (Ordinance No. LXXXVIII of 1976) এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(১) "কর্পোরেশন" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;

(২) "চেয়ারম্যান" অর্থ কর্পোরেশনের চেয়ারম্যান;

(৩) "তফসিল" অর্থ এই আইনের তফসিল;

(৪) "পরিচালনা পর্ষদ" অর্থ কর্পোরেশনের পরিচালনা পর্ষদ;

(৫) "পরিচালক" অর্থ কর্পোরেশনের পরিচালক;

(৬) "পেট্রোলিয়াম" অর্থ প্রক্রিয়াজাত বা অপ্রক্রিয়াজাত তরল বা কঠিন অবস্থার হাইড্রোকার্বন এবং উহার উপজাত ও লুব্রিকেন্টস, কিন্তু প্রাকৃতিক গ্যাস উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৭) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৮) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

৩। **কর্পোরেশন প্রতিষ্ঠা।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 (Ordinance No. LXXXVIII of 1976) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) কর্পোরেশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার এবং চুক্তি সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে, এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

৪। **অনুমোদিত মূলধন।**—(১) কর্পোরেশনের অনুমোদিত মূলধন হইবে ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টাকা যাহা কর্পোরেশনের প্রয়োজন অনুযায়ী সরকার কর্তৃক প্রদত্ত হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্পোরেশন ইহার সকল বা যে কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে, সরকারের অনুমোদনক্রমে, দেশী বা বিদেশী ব্যাংক বা অন্য কোন উৎস হইতে ঋণ বা অনুদান গ্রহণক্রমে পৃথকভাবে মূলধন বৃদ্ধি করিতে পারিবে।

৫। **প্রধান কার্যালয়।**—(১) কর্পোরেশনের প্রধান কার্যালয় চট্টগ্রামে থাকিবে।

(২) কর্পোরেশন, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৬। **পরিচালনা ও প্রশাসন।**—(১) কর্পোরেশনের পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং কর্পোরেশন যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে, পরিচালনা পর্ষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে।

(২) পরিচালনা পর্ষদ, জনস্বার্থে, বাণিজ্যিক বিবেচনায় ইহার দায়িত্ব পালন করিবে এবং সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে।

৭। **পরিচালনা পর্ষদ।**—(১) কর্পোরেশনের একটি পরিচালনা পর্যদ থাকিবে।

(২) ১(এক) জন চেয়ারম্যান ও সরকার কর্তৃক নিযুক্ত অনদিক ৮(আট) জন পরিচালকের সমন্বয়ে পরিচালনা পর্ষদ গঠিত হইবে যাহাদের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন একজন যুগ্ম-সচিব, বিদ্যুৎ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন একজন যুগ্ম-সচিব এবং অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন একজন যুগ্ম-সচিব, পদাধিকারবলে, কর্পোরেশনের পরিচালক হইবেন।

(৩) ধারা ৯ এর বিধান সাপেক্ষে পরিচালকগণ, পদাধিকারবলে নিয়োজিত পরিচালক ব্যতীত, সরকার কর্তৃক নির্ধারিত মেয়াদ ও শর্তে কর্পোরেশনে নিয়োজিত থাকিবেন।

(৪) চেয়ারম্যান ও পরিচালকগণ, পদাধিকারবলে নিযুক্ত পরিচালকগণ ব্যতীত, কর্পোরেশনের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন।

(৫) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে চেয়ারম্যান এবং চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন পরিচালক, পদাধিকারবলে নিয়োজিত পরিচালকগণ ব্যতীত, স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, পদত্যাগপত্র গৃহীত হইবার তারিখ হইতে পদত্যাগ কার্যকর হইবে এবং পদত্যাগকারীর পদ শূন্য হইবে।

(৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা পরিচালনা পর্ষদ গঠনে ত্রুটি থাকিবার জন্য পরিচালনা পর্ষদের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা উহার বৈধতা সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

৮। **চেয়ারম্যান ও পরিচালকগণের কার্যাবলী।**—(১) চেয়ারম্যান কর্পোরেশনের প্রধান নির্বাহী হইবেন।

(২) চেয়ারম্যান ও পরিচালকগণ বিধি দ্বারা নির্ধারিত বা পরিচালনা পর্ষদ কর্তৃক, সময় সময়, অর্পিত ক্ষমতা প্রয়োগ, কার্যসম্পাদন ও দায়িত্ব পালন করিবেন।

৯। **চেয়ারম্যান ও পরিচালকগণের অযোগ্যতা ও অপসারণ।**—(১) কোন ব্যক্তি চেয়ারম্যান বা পরিচালক হইবার বা থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন;

(খ) ইতিপূর্বে সরকারি চাকুরির জন্য অযোগ্য ঘোষিত হইয়া থাকেন বা সরকারি চাকুরি হইতে বরখাস্ত হইয়া থাকেন;

(গ) নৈতিক স্খলনের জন্য কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হইয়া থাকেন;

(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইয়া থাকেন;

(ঙ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হইয়া থাকেন;

(চ) চেয়ারম্যানের অনুমোদন ব্যতিরেকে পরিচালনা পর্ষদের পর পর ৩(তিন) টি সভায় অনুপস্থিত থাকেন।

(২) সরকার লিখিত আদেশ দ্বারা চেয়ারম্যান বা যে কোন পরিচালককে পরিচালনা পর্ষদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে, যদি তিনি—

(ক) এই আইনের অধীন অর্পিত দায়িত্ব পালনে অস্বীকার করেন বা ব্যর্থ হন বা অসমর্থ হন;

(খ) সরকারের বিবেচনায় চেয়ারম্যান বা কোন পরিচালক তাহার পদের অপব্যবহার করেন;

(গ) সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বা সহযোগীর মাধ্যমে কর্পোরেশনের পক্ষে কোন চুক্তির বা চাকুরীর অংশীদারিত্ব বা স্বার্থ জ্ঞাতসারে অর্জন করেন বা উক্ত অর্জন দখলে রাখেন।

(৩) উপ-ধারা (১) ও (২) এর বিধান পদাধিকারবলে নিয়োজিত পরিচালকগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

**১০। পরিচালনা পর্ষদের সভা।**—(১) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হইবে।

(২) পরিচালনা পর্ষদের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন সার্বক্ষণিক পরিচালক এবং তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত পরিচালকগণ কর্তৃক মনোনীত একজন পরিচালক সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) পদাদিকারবলে নিয়োজিত পরিচালকগণের মধ্য হইতে অন্যূন ১(এক) জন পরিচালকসহ মোট ৫(পাঁচ) জন পরিচালকের উপস্থিতিতে পরিচালনা পর্ষদের সভার কোরাম গঠিত হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে পরিচালনা পর্ষদের সকল সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৫) কোন পরিচালকের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যক্তিগত স্বার্থ রহিয়াছে এইরূপ বিষয়ে তিনি ভোট প্রদান করিতে পারিবেন না।

**১১। কর্পোরেশনের কার্যাবলী।**—Bangladesh Petroleum Act, 1974 (Act No. LXIX of 1974) এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কর্পোরেশনের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) আমদানিকৃত অপরিশোধিত তৈল ও অন্যান্য পরিশোধিত তৈলজাত পদার্থ মজুদ ও অর্জন;

(খ) অপরিশোধিত তৈল পরিশোধন এবং বিভিন্ন শ্রেণির (various grade) পরিশোধিত তৈল জাতীয় পদার্থ উৎপাদন;

(গ) অপরিশোধিত তৈল পরিশোধনকারী কারখানা এবং উহার সহায়ক প্রতিষ্ঠান স্থাপন;

(ঘ) লুব বেইস অয়েল, প্রয়োজনীয় সংযোজক দ্রব্য ((Additives) ও অন্যান্য রাসায়নিক দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত (Finished) লুব্রিকেটিং তৈল আমদানি;

(ঙ) ব্রেন্ডেড লুব্রিকেটিং তৈল উৎপাদন;

(চ) লুব্রিকেটিং প্লান্ট স্থাপন, ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-সাইক্লিং বা উন্নতি বিধানকরণ ((Revamping) প্লান্ট স্থাপন;

(ছ) পরিশোধন কারখানার বর্জ্য বা অবশিষ্টাংশ প্রক্রিয়াজাতকরণ প্লান্ট স্থাপন;

(জ) পরিশোধিত ও অপরিশোধিত তৈল সংরক্ষণাগার (Storage Facilities) নির্মাণ ও তদুদ্দেশ্যে পরিকল্পনা গ্রহণ;

(ঝ) বিপণন কোম্পানীসমূহকে পেট্রোলিয়ামজাত পদার্থ বরাদ্দের পরিমাণ নির্ধারণ;

(ঞ) অভ্যন্তরীণ অয়েল ট্যাংকার সংগ্রহ।

(ট) পেট্রোলিয়ামজাত পণ্য বাজারজাতকরণের সুবিধাদি সৃষ্টি ও সম্প্রসারণ;

(ঠ) পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য রপ্তানি;

(ড) পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পদার্থের ব্যবস্থাপনা প্রতিনিধি হিসেবে কাজ করা এবং কোন ফার্ম বা কোম্পানীর সহিত চুক্তিতে আবদ্ধ হওয়া;

(ঢ) কর্পোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের—

(অ) প্রধান নির্বাহী ও নিরীক্ষক নিয়োগ এবং কোম্পানীসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনার প্রয়োজনে কর্মকর্তাগণের আন্তঃকোম্পানী এবং কর্পোরেশনে বদলী বা পদায়ন;

(আ) কর্মকাণ্ড তত্ত্বাবধান, সমন্বয় ও নিয়ন্ত্রণ;

(ণ) সরকার কর্তৃক, সময় সময়, কর্পোরেশনকে প্রদত্ত অন্য কোন দায়িত্ব সম্পাদন;

(ত) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্যান্য কার্যাবলী সম্পাদন।

১২। **নতুন কোম্পানী গঠন**।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্পোরেশন, সরকারের পূর্বানুমতিক্রমে, নতুন কোন কোম্পানী গঠনের উদ্যোগ গ্রহণ করিতে পারিবে এবং উক্ত কোম্পানীর শেয়ার ধারণ করিতে পারিবে এবং দেশী বা বিদেশী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উক্ত কোম্পানীর শেয়ার ধারণের অনুমতি প্রদান করিতে পারিবে।

১৩। **সংরক্ষিত তহবিল**।—বিধি দ্বারা নির্ধারিত শর্ত সাপেক্ষে, কর্পোরেশন সরকারের পূর্বানুমোদনক্রমে, একটি সংরক্ষিত তহবিল গঠন করিবে।

১৪। **অপরিশোধিত তৈল, ইত্যাদি বিক্রয়ের উপর লাভ**।—কর্পোরেশন সরকার কর্তৃক অনুমোদিত হারে—

(ক) তদ্‌কর্তৃক আমদানিকৃত অপরিশোধিত তৈল, পরিশোধিত পেট্রোলিয়াম বা পেট্রোলিয়ামজাত পণ্য তৈল শোধনাগার ও তৈল বিপণন কোম্পানীগুলোতে বিক্রয়ের উপর, অথবা

(খ) উদ্বৃত্ত পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য রিফাইনারী হইতে ক্রয়পূর্বক রপ্তানি করিয়া, লাভ করিতে পারিবে।

১৫। **হিসাব পরিচালন**।—কর্পোরেশন কোন তফসিলী ব্যাংকে উহার হিসাব খুলিতে ও পরিচালনা করিতে পারিবে।

**ব্যাখ্যা**—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, "তফসিলী ব্যাংক" বলিতে Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর article 2(j) তে সংজ্ঞায়িত "Seheduled Bank" কে বুঝাইবে।

১৬। **বিনিয়োগ**।—কর্পোরেশন উহার তহবিল, সরকারের অনুমোদনক্রমে, শেয়ার, সঞ্চয় পত্র বা অন্য কোন লাভজনক খাতে বিনিয়োগ করিতে পারিবে।

১৭। **শেয়ার বিক্রয়**।—(১) কর্পোরেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকার কর্তৃক নির্ধারিত শর্ত সাপেক্ষে, বিভিন্ন কোম্পানীতে থাকা কর্পোরেশনের শেয়ার বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করিতে পারিবে।

(২) কর্পোরেশনের শেয়ারসমূহ স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত হইবে।

১৮। **সংঘ স্মারক ও সংঘ বিধির সংশোধন, ইত্যাদি**।—কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্পোরেশন উহার মালিকানাধীন কোন কোম্পানীর সংঘ স্মারক এবং সংঘ বিধি সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন করিতে পারিবে।

১৯। **ভূমি অধিগ্রহণ, ইত্যাদি**।—(১) এই আইনের উদ্দশ্য পূরণকল্পে, কর্পোরেশন, ক্রয় ইজারা, বিনিময় বা অন্য কোনভাবে কোন ভূমি বা উহার কোন স্বত্ব অধিগ্রহণ করিতে পারিবে।

(২) এই আইনের অধীন কোন ভূমি বা উহার কোন স্বার্থ অধিগ্রহণ Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ord. No. II of 1982) এ সংজ্ঞায়িত, জনস্বার্থে, অধিগ্রহণ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত Ordinance এর বিধানসমূহ অধিগ্রহণ সংক্রান্ত সকল কার্যধারায় প্রযোজ্য হইবে।

২০। **কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, ইত্যাদি**।—কর্পোরেশন উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

২১। **জনসেবক**।—কর্পোরেশনের চেয়ারম্যান, পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীগণ এই আইনের অধীন কর্পোরেশনের দায়িত্বভার পালন, Penal Code, 1860 (Act XLV of 1860) এর section 21 এ বর্ণিত অর্থে Public Servant বা জনসেবক বলিয়া গণ্য হইবেন।

২২। **বাজেট**।—কর্পোরেশন, প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কর্পোরেশনের কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

২৩। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।—(১) কর্পোরেশন যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বলিয়া উল্লিখিত, প্রতি বৎসর কর্পোরেশনের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও কর্পোরেশনের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা ছাড়াও, Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O. No. 2 of 1973) এর Article 2(1) (b) এ সংজ্ঞায়িত ২ (দুই) 'chartered accountant' দ্বারা কর্পোরেশনের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে কর্পোরেশন এক বা একাধিক 'chartered accountant' নিয়োগ করিতে পারিবে এবং যাহাদের সম্মানী পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী কর্পোরেশন প্রদান করিবে।

(৪) এই ধারার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন সরকার, বিশেষ পরিস্থিতিতে, দেশীয় কিংবা আন্তর্জাতিক নিরীক্ষা ফার্ম দ্বারা কর্পোরেশন কিংবা উহার অধীনস্থ কোম্পানী বা সংস্থাসমূহের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করাইতে পারিবে।

(৫) কর্পোরেশনের হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা উপ-ধারা (৩) এর অধীন নিয়োগকৃত 'chartered accountant' বা উপ-ধারা (৪) এর অধীন নিয়োগকৃত দেশীয় বা আন্তর্জাতিক নিরীক্ষা ফার্ম কর্পোরেশনের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, পরিচালক বা কর্পোরেশনের যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

২৪। **বার্ষিক প্রতিবেদন**।—(১) কর্পোরেশন প্রতিবৎসর তদকর্তৃক সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন পরবর্তী বৎসরের ৩১ জানুয়ারীর মধ্যে সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনবোধে, যে কোন সময়, কর্পোরেশনের নিকট হইতে উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন, বিবরণী বা রিটার্ণ আহ্বান করিতে পারিবে এবং কর্পোরেশন উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

২৫। **ক্ষমতা অর্পণ**।—কর্পোরেশন, প্রয়োজনবোধে, উহার যে কোন ক্ষমতা লিখিত আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্তে, যদি থাকে, কর্পোরেশনের কোন পরিচালক বা কোন কর্মকর্তা বা কর্মচারীকে অর্পন করিতে পারিবে।

২৬। **কর্পোরেশনের অবসায়ন**।—কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ উল্লিখিত অবসায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট বিধানাবলী কর্পোরেশনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং সরকার নির্দেশিত পদ্ধতি ব্যতিরেকে উহার অবসায়ন করা যাইবে না।

২৭। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৮। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্পোরেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসংগতিপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২৯। **কতিপয় কার্যাবলী ও অধিকার স্থানান্তর, ইত্যাদি।**—ধারা ৩ এর অধীন কর্পোরেশন প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে—

(ক) ধারা ৩২ এর অধীন রহিত Ordinance প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিদ্যমান উৎপাদন বন্টন চুক্তি (Production Sharing Agreement) বা চুক্তি (contract) দ্বারা বিশেষভাবে নির্ধারিত না হইলে ধারা ১১ এর অধীন কর্পোরেশন কর্তৃক সম্পাদিতব্য কার্যাবলি বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, অতঃপর পেট্রোবাংলা বলিয়া উল্লিখিত, কর্তৃক সম্পাদিত হইবে না;

(খ) কর্পোরেশন প্রতিষ্ঠার পূর্বে সরকার বা পেট্রোবাংলা কর্তৃক, ধারা ১১ তে উল্লিখিত কোন উদ্দেশ্যে চুক্তি বা অন্য কোনভাবে, অর্জিত বা উহার উপর প্রযুক্ত সকল অধিকার, দায় ও দায়িত্ব, দফা (ক) সাপেক্ষে, কর্পোরেশন কর্তৃক অর্জিত বা উহার উপর প্রযুক্ত হইয়াছে মর্মে গণ্য হইবে এবং যথাক্রমে উহা কর্পোরেশনের অধিকার, দায় ও দায়িত্ব হইবে;

(গ) সরকারের উপর অর্পিত এবং তফসিলে বর্ণিত সকল সম্পদ ও শেয়ার, অঙ্গীকার ও দায় কর্পোরেশনের নিকট স্থানান্তরিত ও ন্যস্ত হইবে।

৩০। **তফসিল সংশোধন।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

৩১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই আইন প্রবর্তনের পর, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) এই আইন ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

৩২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 (Ordinance No. LXXXVIII of 1976), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন—

(ক) কৃত কোন কাজ-কর্ম, গৃহীত কোন ব্যবস্থা বা সূচিত কোন কার্যধারা এই আইনের অধীন কৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) প্রতিষ্ঠিত কর্পোরেশন কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত কোন মামলা, গৃহীত কোন ব্যবস্থা বা সূচিত কোন কার্যধারা অনিষ্পন্ন বা চলমান থাকিলে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা এই আইনের অধীন দায়েরকৃত বা গৃহীত বা সূচিত হইয়াছে;

(গ) প্রতিষ্ঠিত কর্পোরেশন কর্তৃক সম্পাদিত কোন চুক্তি, দলিল বা ইনস্ট্রুমেন্ট এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন সম্পাদিত হইয়াছে;

(ঘ) প্রতিষ্ঠিত কর্পোরেশনের সকল প্রকার ঋণ, দায় ও আইনগত বাধ্যবাধকতা এই আইনের বিধান অনুযায়ী সেই একই শর্তে কর্পোরেশনের ঋণ, দায় ও আইনগত বাধ্যবাধকতা হিসাবে গণ্য হইবে;

(ঙ) কোন চুক্তি বা চাকুরীর শর্তে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন প্রবর্তনের পূর্বে উক্ত কর্পোরেশনের চেয়ারম্যান, সকল পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী যে শর্তাধীনে চাকুরীতে নিয়োজিত ছিলেন, তাহারা এই আইনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে কর্পোরেশনের চাকুরীতে নিয়োজিত এবং, ক্ষেত্রমত, বহাল থাকিবেন; এবং

(চ) প্রতিষ্ঠিত কর্পোরেশনের সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধা, ফি, স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, অনুমোদিত মূলধন, তহবিল, নগদ অর্থ, ব্যাংক জমা ও সিকিউরিটিসহ সকল হিসাব এবং এতদ্‌সংশ্লিষ্ট সকল হিসাব বই, রেজিস্টার, রেকর্ডপত্রসহ অন্যান্য সকল দলিল-দস্তাবেজ এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে কর্পোরেশনের নিকট হস্তান্তরিত হইবে এবং কর্পোরেশন উহার অধিকারী হইবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন প্রণীত কোন বিধি বা উপ-আইন জারীকৃত কোন প্রজ্ঞাপন, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ, অনুমোদন, সুপারিশ, প্রণীত সকল পরিকল্পনা বা কার্যক্রম এবং অনুমোদিত সকল হিসাব বিবরণী ও বার্ষিক প্রতিবেদন উক্তরূপ রহিতের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে, এই আইনের কোন বিধানের সহিত অসঙ্গতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, এই আইনের অনুরূপ বিধানের অধীন প্রণীত, জারীকৃত, প্রদত্ত এবং অনুমোদিত বলিয়া গণ্য হইবে, এবং মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত অথবা এই আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

**তফসিল**

**[ধারা ২(৩) দ্রষ্টব্য]**

(১) Bangladesh Abandoned Property (Control, Management and Disposal) Order, 1972 (P.O. No. 16 of 1972) এর Article 4 এর অধীন সরকারের উপর অর্পিত নিম্নবর্ণিত কোম্পানীসমূহের সকল পরিসম্পদ এবং সরকার কর্তৃক গৃহীত সকল দায়, যথাঃ—

ক) পাকিস্তান ন্যাশনাল অয়েল লিমিটেড;

খ) দাউদ পেট্রোলিয়াম লিমিটেড;

(২) P.O. No. 16 of 1972 এর Article 4 অথবা Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O. No. 27 of 1972) এর Article 4 এর অধীন সরকারের উপর অর্পিত শেয়ারসহ সরকারের মালিকানাধীন ইস্টার্ণ রিফাইনারি লিমিটেডের শেয়ারসমূহ;

(৩) P.O. No. 16 of 1972 এর Article 4 এর অধীন সরকারের উপর অর্পিত বার্মা ইস্টার্ণ লিমিটেড এর শেয়ারসমূহ;

(৪) P.O. No. 16 of 1972 এর Article 4 এর অধীন সরকারের উপর অর্পিত ইস্টার্ণ লুব্রিকেন্ট ব্লেন্ডারস লিমিটেডের শেয়ারসমূহ;

(৫) ESSO Undertaking Acquisition Act, 1975 (Act No. XVI of 1975) এর section 4 এর অধীন সরকার কর্তৃক অধিগ্রহণকৃত যুক্তরাষ্ট্রের তৎকালিন ইএসএসও ইস্টার্ণ ইন কর্পোরেশন এর অঙ্গিকার (Undertakings)।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) ১৯৭৬ সালে জারিকৃত The Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 (Ordinance No-LXXXIII of 1976) মূলে গঠিত হয়। অপরিশোধিত ও পরিশোধিত জ্বালানি তৈল আমদানি, পরিশোধন ও প্রক্রিয়াজাতকরণ, লুব্রিকেন্টস ব্লেন্ডিকরণ, জ্বালানি তৈল জাতীয় পদার্থের উপজাত এবং লুব্রিকেন্টসসহ (প্রাকৃতিক গ্যাস ব্যতীত পেট্রোলিয়াম দ্রব্য আমদানি রপ্তানি ও বাজারজাতকরণ এবং উহার সহিত সহায়ক কার্যাদি সম্পাদনের উদ্দেশ্য এই কর্পোরেশন প্রতিষ্ঠিত করা হয়।

সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন) দ্বারা সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ এর ১নং আইন) বিলুপ্তির ফলে ১৯৭৫ সালের ২৪ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়। এই সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার প্রয়োজনে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬নং আইন) প্রণীত হইয়াছে। একই সাথে অধ্যাদেশটি বাংলা ভাষায় প্রণয়নের মাধ্যমে আইন আকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

বর্ণিত অধ্যাদেশের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া ইহার আবশ্যকতা বিবেচিত হওয়ায় উক্ত অধ্যাদেশের প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নতুন আইন প্রণয়ন করা হইয়াছে।

এমতাবস্থায়, অধ্যাদেশটির আওতায় গৃহীত কার্যক্রমের বৈধতা ও ধারাবাহিকতা রক্ষার্থে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৫ শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপন করা হইল।

**নসরুল হামিদ**
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

---

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd